## দ্বাদশ শ্রেণি ● ভূগোল ● অধ্যায়ভিত্তিক প্রশ্নের উত্তর ও পরীক্ষা প্রস্তুতি
## ● জল নিগম প্রণালী ● মৃত্তিকা ● শিল্প

### ❖ সঠিক উত্তরটি নির্বাচন করো(MCQ) (Marks-1)

**1. পূর্ববতী নদীর একটি উদাহরণ দাও হল-**
a. নর্মদা b. ব্রহ্মপুত্র
c. কাবেরি d. মহানদী
**উত্তর :** b. ব্রহ্মপুত্র

**2. সুবর্ণরেখা হল একটি-**
a. অধ্যারোপ নদী b. পূর্ববর্তী নদী
c. পরবর্তী নদী d. বিপরা নদী
**উত্তর :** a. অধ্যারোপ নদী

**3. পিনেট শব্দটির অর্থ হল-**
a. পাখির পালক b. কৌণিক
c. আংটির ন্যায় d. সমান্তরাল
**উত্তর :** a. পাখির পালক

**4. শিলার সমধর্মিতার দ্বারা নিয়ন্ত্রিত নদী নকশা বা জলনির্গম প্রণালীটি হল-**
a. বৃক্ষরূপী b. কেন্দ্রবিমুখ
c. সমান্তরাল d. জাফরিরূপী
**উত্তর :** a. বৃক্ষরূপী

**5. মালভূমির খাড়া ঢালে যে জলনির্গম প্রণালী গড়ে ওঠে তাকে বলে-**
a. বৃক্ষরূপী জলনির্গম প্রণালী
b. অঙ্গুরীয় সদৃশ জলনির্গম প্রণালী
c. জাফরিরূপী জলনির্গম প্রণালী
d. সমান্তরাল জলনির্গম প্রণালী
**উত্তর :** d. সমান্তরাল জলনির্গম প্রণালী

**6. ক্যাল্ডেরায় যে ধরনের জলনির্গম প্রণালী গড়ে ওঠে তা হল-**
a. বৃক্ষরূপী b. অঙ্গুরীয়
c. কেন্দ্রমুখী d. আয়তাকার
**উত্তর :** c. কেন্দ্রমুখী

**7. মরু অঞ্চলে প্লায়াকে কেন্দ্র করে যে নদী নকশা গঠিত হয়, সেটি হল-**
a. বৃক্ষরূপী নদী নকশা b. কেন্দ্রমুখী নদী নকশা
c. পিনেট নদী নকশা d. আয়তাকার নদী নকশা
**উত্তর :** b. কেন্দ্রমুখী নদী নকশা

**8. শিলাস্তরের আয়াম বরাবর বয়ে যায়-**
a. অনুগামী নদী b. পরবর্তী নদী
c. বিপরা নদী d. গৌণ অনুগামী নদী
**উত্তর :** b. পরবর্তী নদী

**9. শিল্প স্থানিকতার ন্যূনতম ব্যয় তত্ত্ব'-টির প্রবর্তক হলেন-**
a. অগাস্ট লশ্ b. আলফ্রেড ওয়েবার
c. জর্জ রেনার d. ই ডব্লিউ জিমারম্যান
**উত্তর :** b. আলফ্রেড ওয়েবার

**10. ওজন হ্রাসশীল কাঁচামালের দ্রব্যসূচক হল-**
a. $<1$ b. $>1$
c. 1 d. 0

### ❖ এক কথায় উত্তর দাও(V.S.A.) (Marks-1)

**1. ভূভাগের উত্থানের সঙ্গে সামঞ্জস্য রেখে কোন ধরনের নদী তার নিম্নক্ষয় বজায় রাখে ?**
**উত্তর :** ভূভাগের উত্থানের সঙ্গে সামঞ্জস্য রেখে পূর্ববর্তী নদী তার নিম্নক্ষয় বজায় রাকৈ ।

**2. অনুগামী নদীর সংজ্ঞা দাও ।**
**উত্তর :** ভূমিভাগের প্রারম্ভিক ঢালকে অনুসরণ করে শিলাস্তরের নতি অনুযায়ী প্রবাহিত হয় যে নদী, তাকে বলে অনুগামি নদী। যেমন-গঙ্গা ।

**3. ভূমির প্রান্তিক ঢাল অনুসারে গড়ে ওঠে নদী কী নামে পরিচিত?**
**উত্তর :** অনুগামী নদী ।

**4. বিপরা নদী কাকে বলে?**
**উত্তর :** অনুগামি নদীর বিপরীতে প্রবাহিত নদীপ্রবাহকে বলা হয় বিপরা নদী ।

**5. পুনর্ভবা নদী বলতে কী বোঝো ?**
**উত্তর :** ক্ষয়চক্রের দ্বিতীয় পর্যায়ে অনুগামী নদীর পথকে অনুসরণ করে প্রবাহিত নদীকে বলে পুনর্ভবা নদী ।

**6. মৃত্তিকার ক্যাটেনা বলতে কী বোঝায় ?**
**উত্তর :** মৃত্তিকা বিজ্ঞানী মিলনে-এর মতে, জলনিকাশি ব্যবস্থার তারতম্যের জন্য একই জলবায়ুতে উচ্চ উপত্যকা থেকে নিম্ন উপত্যকা পর্যনত মাটির পরিলেখের পর্যায়ক্রমিক যে পরিবর্তন দেখা যায়, তাকে বলে মৃত্তিকার ক্যাটেনা ।

**7. 'মার্ল' কী ?**
**উত্তর :** মৃত্তিকার উপরের স্তরটি হয় মুচমুচে ও আগলা, যাকে পর্ণমোচী অরণ্যে মার্ল বলে

**8. 'গ্লেইজেশন' কী ?**
**উত্তর :** জলাভূমিতে বা জলযুক্ত অঞ্চলে বিজারণ প্রক্রিয়ায় যে মাটি সৃষ্টি হয় তা নীলচে বা ধূসর রঙের দেখতে হয় । এই প্রক্রিয়াটিকে গ্লেইজেশন বলে ।

**9. হিউমিফিকেশন কাকে বলে ?**
**উত্তর :** কাঁচা জৈব পদার্থ বিভিন্নঅণুজীব কর্তৃক বিয়োজিত হয়ে জটিল কালো কোলয়েডালধর্মী পচনশীল হিউমাস তৈরি করে । এই প্রক্রিয়াকে বলে হিউমিফিকেশন ।

**10. 'ডুরিক্রাস্ট' কীভাবে গঠিত হয় ?**
**উত্তর :** ল্যাটেরাইজেশন প্রক্রিয়ায় মৃত্তিকার A স্তর থেকে বিভিন্ন ক্ষারকীয় দ্রবণ, লোহা, অ্যালুমিনিয়াম, সিলিকা ইত্যাদির এলুভিয়েশন ঘটে B স্তরে । লোহা ও অ্যালুমিনিয়াম সঞ্চিত হয় A স্তরে । এই লোহা ও অ্যালুমিনিয়ামের মিশ্রণ বা $R_2O_3$ পরে A স্তরে শক্ত আবরণ তৈরি করে, যাকে বলে ডুরিক্রাস্ট।

**11. শারীরবৃত্তীয় শুষ্ক মাটি বলতে কী বোঝায় ?**
**উত্তর :** যে আর্দ্র মাটিতে লবণতা বেশি হওয়ার কারণে উদ্ভিদ রস শোষণ করতে পারে না, সে মাটিতে শারীরবৃত্তীয় শুষ্ক মাটি বলে ।

**12. 'রেনজিনা' কী ?**
**উত্তর :** চুনাপাথর বা মার্ল স্টোন থেকে উৎপন্ন মাটিকে বলে রেনজিনা ।

উত্তর : b. >1

**11. সর্বাধিক লাভযুক্ত স্থানে শিল্প গড়ে উঠবে বলে মনে করেছিলেন-**

a. ওয়েবার | b. লশ্
c. উইভার | d. মামফোর্ড

**উত্তর :** b. লশ্

**12. অস্থানু শিল্পটি হল-**

a. পেট্রোরসায়ন | b. কার্পাস বয়ন
c. বরাবর | d. লৌহ-ইস্পাত

**উত্তর :** b. কার্পাস বয়ন

**13. এশিয়ার গুরুত্বপূর্ণ শিল্পাঞ্চল হল-**

a. কোবে-ওসাকা | b. টেক্সাস
c. টুলা | d. রূঢ়

**উত্তর :** a. কোবে-ওসাকা

**14. বিশুদ্ধ কাঁচামালভিত্তিক শিল্প হল-**

a. লৌহ-ইস্পাত শিল্প | b. শর্করা শিল্প
c. কাগজ শিল্প | d. বস্ত্রশিল্প

**উত্তর :** d. বস্ত্রশিল্প

**15. ভারতের একটি শিল্পভিত্তিক শহরের উদাহরণ হল-**

a. মেদিনীপুর | b. জুনপুট
c. দুর্গাপুর | d. দার্জিলিং

**উত্তর :** c. দুর্গাপুর

**16. উত্তর আমেরিকায় হ্রদ অঞ্চলের প্রধান শিল্প-**

a. বস্তবয়ন শিল্প | b. লৌহ-ইস্পাত শিল্প
c. পাট শিল্প | d. রাসায়নিক শিল্প

**উত্তর :** b. লৌহ-ইস্পাত শিল্প

**17. ভারতে খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্পে একটি অগ্রণী রাজ্য হল-**

a. পশ্চিমবঙ্গ | b. বিহার
c. মধ্যপ্রদেশ | d. মিজোরাম

**উত্তর :** a. পশ্চিমবঙ্গ

**18. আমুল সমবায় বা কোম্পানি যে ধরনের খাদ্যপ্রক্রিয়াকরণের সঙ্গে যুক্ত, তা হল-**

a. মাংস | b. মাছ
c. ফল ও সবজি | d. দুধ

**উত্তর :** d. দুধ

**19. একটি শিকড় আলগা (Foot-Loose) শিল্পের উদাহরণ হল-**

a. লৌহ-ইস্পাত শিল্প | b. পাট শিল্প
c. বস্ত্রশিল্প | d. খাদ্যপারক্রিয়াকরণ শিল্প

**উত্তর :** c. বস্ত্রশিল্প

**20. বিশ্বের প্রথম রেডিমেড বস্ত রপ্তানিকারক দেশ হল-**

a. চিন | b. বাংলাদেশ
c. ভারত | d. জার্মানি

**উত্তর :** a. চিন

**21. ভারতে প্রথম কাগজের কল গড়ে ওঠে-**

a. টিটাগড়ে | b. শ্রীরামপুরে
c. রানিগঞ্জে | d. নৈহাটিতে

**উত্তর :** b. শ্রীরামপুরে

**13. 'জোলা' শব্দের অর্থ কী ?**

**উত্তর :** রাশিয়ান শব্দ জোলা-এর অর্থ ছাই বা ধূসর রং ।

**14. বগ মৃত্তিকা কোথায় দেখা যায় ?**

**উত্তর :** আর্দ্র অঞ্চলের জলাভূমিতে দেখা যায় বগ মাটি । এই মাটি আম্লিক ধরনের হয় ।

**15. বস্তুসুচক/পণ্যসূচক/দ্রব্যসূচক কী ?**

**উত্তর :** কোনো শিল্পে কাঁচামালের ওজন ও উৎপাদিত দ্রব্যের ওজনের অনুপাতকে বলে দ্রব্যসূচক ।

**16. মজুরি সূচক কাকে বলে ?**

**উত্তর :** উৎপাদিত পণ্যের একক প্রতি গড়ে মজুরিকে বলে মজুরি সূচক ।

**17. রেডিমেড পোশাক উৎপাদনে ভারতের দুটি উল্লেখযোগ্য রাজ্যের নাম লেখো ?**

**উত্তর :** রেডিমেড পোশাক উৎপাদিত হয় ভারতের মহারাষ্ট্র, গুজরাট, পশ্চিমবঙ্গ, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু ইত্যাদিতে ।

**18. ভারতে প্রথম পাটকল কোথায় গড়ে ওঠে ?**

**উত্তর :** 1855-খ্রিস্টাব্দে ভারতের পশ্চিমবঙ্গের রিষড়ায় প্রথম পাটকল গড়ে ওঠে ।

**19. কাগজ শিল্পে ব্যবহৃত দুটি রাসায়নিক কাঁচামালের নাম লেখো?**

**উত্তর :** কাগজ শিল্পে ব্যবহৃত দুটি রাসায়নিক কাঁচামাল- কস্টিকসোডা, অ্যালুমিনিয়াম সালফেট ।

**20. কোন্ শহরকে 'দক্ষিণ ভারতের ম্যাঞ্চেস্টার' বলা হয় ?**

**উত্তর :** কোয়েম্বাটোরকে দক্ষিণ ভারতের ম্যাঞ্চেস্টার বলা হয় ।

**21. হলদিয়া বন্দর কোন্ কোন্ নদীর সংযোগস্থলে গড়ে উঠেছে ?**

**উত্তর :** হলদিয়া বন্দর হলদি ও হুগলি নদীর সংযোগস্থলে গড়ে উঠেছে ।

**22. জার্মানির রূঢ় অঞ্চল কোন্ শিল্পের জন্য প্রসিদ্ধ ?**

**উত্তর :** জার্মানির রূঢ় অঞ্চল লৌহ-ইস্পাত শিল্পের জন্য প্রসিদ্ধ ।

**23. ভারতের ইস্পাত নগরী কাকে বলে ?**

**উত্তর :** জামশেদপুরকে বলা হয় ।

**24. পেট্রোরসায়ন শিল্পের প্রধান কাঁচামাল কী ?**

**উত্তর :** পেট্রোরসায়ন শিল্পের প্রধান কাঁচামাল হল ন্যাপথা ।

**25. আধুনিক শিল্পদানব কাকে বলে ?**

**উত্তর :** আধুনিক শিল্পদানব ।

**26. অনুসারী শিল্প-এর সংজ্ঞা দাও ।**

**উত্তর :** বৃহদায়তন শিল্পের উৎপাদিত দ্রব্য কাঁচামাল হিসেবে ব্যবহারকারী যেসব ক্ষুদ্র শিল্পগুলি বৃহৎ শিল্পকেন্দ্রের পাশাপাশি অবস্থিত তাদের 'অনুসারী শিল্প' বলে ।

❖ <u>কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও।</u> **(Marks -7)**

**1.** জলনির্গম প্রণালীর সঙ্গে তার নীচস্থ ভূতাত্ত্বিক গঠনের সম্পর্ক উদাহরণসহ ব্যাখ্যা করো । এলুভিয়েশন ও ইলুভিয়েশনের পার্থক্য লেখো । PH কী ?

**2.** মৃত্তিকা সৃষ্টিতে আদিশিলা ও ভূপ্রকৃতির প্রভাব লেখো ।

**3.** মানুষের দ্বারায় বেশি মৃত্তিকা ক্ষয় হয়-ব্যাখ্যা করো । পেডোক্যাল ও পেডালফার মৃত্তিকার পার্থক্য লেখো ।

**4.** ভারতের রেডিমেড পোশাক শিল্প গড়ে ওঠার কারণ লেখো । কাঁচামালের অভাব সত্ত্বেও জাপানে লৌহ-ইস্পাত শিল্প গড়ে ওঠার কারণ কী ?

22. ভারতে প্রথম নিউজপ্রিন্ট কারখানা গড়ে ওঠে-
a. মধ্যপ্রদেশের নেপানগরে b. কর্ণাটকের ভদ্রাবতীতে
c. কেরালার নিউজপ্রিন্টনগরে d. তামিলনাড়ুতে চেন্নাইতে
উত্তর : a. মধ্যপ্রদেশের নেপানগরে

23. ভারতের ডেট্রয়েট হল-
a. চেন্নাই b. নাসিক
c. পুনে d. গুরগাঁও
উত্তর : a. চেন্নাই

24. মৃত্তিকা বিজ্ঞানের জনক বলা হয়-
a. ডেভিসকে b. মরগানকে
c. ওয়েবারকে d. ডকুচেভকে
উত্তর : d. ডকুচেভকে

25. ইলুভিয়েশন প্রক্রিয়া মৃত্তিকার-
a. A স্তরে সংঘটিত হয়
b. B স্তরে সংঘটিত হয়
c. C স্তরে সংঘটিত হয়
d. D স্তরে সংঘটিত হয়
উত্তর : b. B স্তরে সংঘটিত হয়

26. প্রশমিত বা নিরপেক্ষ (Neutral) মাটির $P^H$এর মান হল-
a. 5 b. 6
c. 7 d. 8
উত্তর : c. 7

27. হিউমাসমৃদ্ধ মাটির রং হল-
a. লালচে b. কালো
c. ধূসর d. সাদাটে
উত্তর : b. কালো

28. আন্তঃআঞ্চলিক মাটির একটি উদাহরণ হল-
a. রেনজিনা b. লোয়েস
c. কঙ্কালসার মাটি d. পলিমাটি
উত্তর : a. রেনজিনা

29. অগ্ন্যুৎপাতজাত পদার্থ দ্বারা গঠিত মৃত্তিকা হল-
a. অক্সিসল b. অ্যাল্টিসল
c. অ্যালফিসল d. অ্যান্ডিসল
উত্তর : d. অ্যান্ডিসল

30. অ্যান্ডিসল-এর একটি উদাহরণ হল-
a. সিরোজেম b. পডজল মৃত্তিকা
c. ল্যাটেরাইট মৃত্তিকা d. কৃষ্ণ মৃত্তিকা
উত্তর : d. কৃষ্ণ মৃত্তিকা

5. কানাডায় কাগজ শিল্প গড়ে ওঠার কারণ লেখো । মালয়েশিয়া রবার শিল্পে উন্নত কেন ?
6. পূর্ব বা মধ্যভারতে লৌহ-ইস্পাত শিল্পের একাদেশিভবন বা কেন্দ্রীভবনের কারণ লেখো । দুর্গাপুরকে ভারতের রূঢ় বলা হয় কেন ?
7. পশ্চিমভারতে পেট্রোরসায়ন শিল্পের উন্নতির কারন বিশ্লেষণ করো । ব্রাজিলে রবার শিল্প গড়ে ওঠার সমস্যা গুলি আলোচনা করো ।



Tinmile Road Branch
Add: Tinmile Road, Chopra, U/D.
Contact No : 9126769860

Sonapur Hat Branch
Add: Khanpara, Sonapur Hat, Chopra, U/D.
Contact No : 9563249093

Srikrishnapur Branch
Add: Bangiyo Gramin Bank, Srikrishnapur, U/D.
Contact No : 9679183299